

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১২.২৭.০৭৮.১৮-

তারিখ:

/ ১৪২৬ বঙ্গাব্দ
/ ২০২০ খ্রিষ্টাব্দ

“বিভাগীয় মামলা নিষ্পত্তি আদেশ-০৬ (২০)”

জনাব মোঃ ফয়জুল্লাহ আসাদ, ফায়ারম্যান, মেহেন্দীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন তিনি মিরপুর ফায়ার স্টেশনে কর্মরত থাকাকালে জনাব মোঃ মুক্তার হোসেন, গ্রামঃ সোনাতলা, পোঃ গোবিন্দপুর, থানাঃ আমিনপুর, জেলাঃ পাবনা এর ভাগিনাকে চাকুরি দেয়ার কথা বলে বিকাশের মাধ্যমে ৬,৭০,০০০/- (ছয় লক্ষ সতের হাজার) টাকা এবং নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা গ্রহণ করেন। তিনি চাকুরি দিতে ব্যর্থ হয়ে গৃহিত টাকা ফেরত প্রদানে বিভিন্ন ধরণের তালবাহানা করতে থাকেন। পরবর্তীতে মিরপুর ফায়ার স্টেশনের তৎকালীন সিনিয়র স্টেশন অফিসার জনাব মোঃ আব্দুল্লাহ আল আরেফিন বিষয়টি মিমাংসা করার জন্য তার অফিস কক্ষে মিরপুর ফায়ার স্টেশনের লিভার জনাব মোঃ মঞ্জুরুল কাদির, ডাইভার জনাব আঃ সামাদ কাজী, জনাব মোঃ বুহুল আমিন ও এইচ এম মাহবুব আলমের উপস্থিতিতে শালিস বৈঠক করেন। উক্ত বৈঠকে ফায়ারম্যান জনাব মোঃ ফয়জুল্লাহ আসাদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দিবেন মর্মে সিদ্ধান্ত গৃহণ হয়। সিদ্ধান্ত মোতাবেক তিনি টাকা ফেরত না দেয়ায় অধিদপ্তরের ০৬/০১/২০১৯ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০৭৮.১৮ -০১(১৯)০২ সংখ্যক স্মারকমূলে তার বিরুদ্ধে ২০১৮ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (খ) ও ৩ (ঘ) বিধিমতে “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়।

২। উক্ত বিভাগীয় মামলার প্রক্রিয়ায় ফায়ারম্যান জনাব মোঃ ফয়জুল্লাহ আসাদ জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করায় ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিকালে তার প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সে মোতাবেক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের জন্য অধিদপ্তরের ২৫/০৬/২০১৯ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০৭৮.১৮-১২(১৯)১৫৩ সংখ্যক স্মারকমূলে তৎকালীন উপ পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব মোঃ রফিকুল ইসলামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

৩। তদন্তকারী কর্মকর্তা মেহেন্দীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের ফায়ারম্যান জনাব মোঃ ফয়জুল্লাহ আসাদের বিরুদ্ধে চাকুরি দেয়ার নামে টাকা গ্রহণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত বলে প্রতিবেদন দাখিল করেন। বর্ণিত প্রতিবেদনে প্রমাণিত অভিযোগের আলোকে অধিদপ্তরের ০১/০৯/২০১৯ তারিখের ৫৮.০৩.০০০০.০১২.২৭.০৭৮.২০১৮-২৪৪ সংখ্যক স্মারকমূলে তাকে চাকুরি হতে বরখাস্তের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ দ্বিতীয় কারণ দর্শনো নোটিশ জারী করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শনো নোটিশের জবাব প্রেরণ করেন।

৪। জনাব মোঃ ফয়জুল্লাহ আসাদের দাখিলকৃত জবাব তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ খন্দনের পক্ষে যুক্তিযুক্ত বলে বিবেচিত হয়নি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সকল সদস্যদের শৃঙ্খলা ও আস্থার সাথে কাজ করতে হয়। অনিয়ম ও শৃঙ্খলা বহির্ভূত কাজে বাহিনীর সকল সদস্যদের মনোবল ব্যহৃত হয়। শৃঙ্খলা বহির্ভূত কাজ করায় এবং বাহিনীর সকল সদস্যদের মনোবল আটুট রাখার স্বার্থে তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করা হলে ভবিষ্যতে এ অধিদপ্তরের অন্যান্য কর্মচারীরা এ ধরণের শৃংখলা পরিপন্থী কার্যকলাপে উৎসাহিত হতে পারে বিবেচনায় তাকে চাকুরি হতে বরখাস্ত করাই যুক্তিযুক্ত ছিল। তথাপিও বর্তমান আর্থ সামাজিক অবস্থার কথা বিবেচনা করে এবং তিনি এ অধিদপ্তরে দীর্ঘদিন চাকুরি করায় একান্ত মানবিক কারণে দ্বিতীয় কারণ দর্শনো নোটিশের সিদ্ধান্ত পরিবর্তন করে তাকে ২০১৮ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪ (৩) (খ) বিধিমতে “বাধ্যতামূলক অবসর” প্রদান করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৪/।-

বিগেডিয়ার জেনারেল

মোঃ সাজাদ হোসাইন, এনডিসি, এএফডিইউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক।


চলমান পাতা ২

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১২.২৭.০৭৮.১৮-০৬(২০) কে ২(২২) তারিখঃ

৮ ষষ্ঠি /১৪২৬ বঙ্গাব্দ
২৯ /১ /২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি বিতরণঃ

১. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর। তাকে তার আওতাধীন সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সতর্ক করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর/ফায়ার স্টেশনের কর্মকর্তা/ কর্মচারীদেরকে বিষয়টি পর পর ৩ (তিনি) দিন দপ্তর/স্টেশনে জেনারেল রোলকলে পাঠ করে শুনানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
৩. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. স্টেশন অফিসার, মেহেন্দীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, বরিশাল।
৫. এ অধিদপ্তরের প্রশাসন/রেকর্ড/পেনশন/বদলি/হিসাব/ছুটি/ট্রেনিং/এইচ.আর.এম ডাটাবেইজ শাখা/সংশ্লিষ্ট নথি।
৬. জনাব মোঃ ফয়জুল্লাহ্ আসাদ (পিএন-১২০৬), ফায়ারম্যান, মেহেন্দীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, বরিশাল।
৭. এ অধিদপ্তরের আইসিটি সেল। বর্ণিত আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।


শামীর আহসান তেজুরো
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)